



# প্রথম আলো

প্রথম আলো, ১১-০৫-২০২২, পৃষ্ঠা- ০৬



সমাবর্তনে কৃতী শিক্ষার্থীকে স্বর্ণপদক দেন শিক্ষামন্ত্রী। গতকাল ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে।

## ২১তম সমাবর্তন অনুষ্ঠিত

### ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ২১তম সমাবর্তন গতকাল মঙ্গলবার বিকেলে রাজধানীর আফতাবনগরের বিশ্ববিদ্যালয়টির ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়েছে। সমাবর্তনে রাষ্ট্রপতির প্রতিনিধি হিসেবে শিক্ষামন্ত্রী দীপু মনি শিক্ষার্থীদের ডিগ্রি প্রদান করেন। সমাবর্তনে আন্ডারগ্র্যাজুয়েট ও গ্র্যাজুয়েট প্রোগ্রামের ১ হাজার ৬৯৩ শিক্ষার্থীকে সনদ দেওয়া হয়। মেধাবী দুজন শিক্ষার্থীকে দেওয়া হয় স্বর্ণপদক।

সমাবর্তন অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী তাঁর বক্তব্যে বলেন, কোভিড-পরবর্তী বিশ্ব পরিস্থিতি অনেক পরিবর্তিত হয়েছে। তাই চলমান পৃথিবীর সঙ্গে তাল মেলানোর পাশাপাশি আগামী দিনের উপযোগী দক্ষ মানবসম্পদ সৃষ্টিতে শিক্ষা খাতকে নতুন করে সাজানো হচ্ছে। ই-লার্নিংয়ের ওপর বিশেষ

গুরুত্ব দেওয়া হয়েছে।

শিক্ষার্থীদের উদ্দেশে মন্ত্রী বলেন, নিজের লক্ষ্যে পৌঁছাতে যত বাধাই আসুক, হতাশ হওয়া যাবে না। করোনার দুই বছরে দেখা গেছে, পৃথিবী আসলে কত নিষ্ঠুর। পেশাগত জীবনে সততা, দক্ষতার পাশাপাশি মানবিক গুণও ফুটিয়ে তুলতে শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান তিনি।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) অধ্যাপক দিল আফরোজা বেগম। সমাবর্তন বক্তা ছিলেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ও ইমেরিটাস অধ্যাপক এম এ সাত্তার মণ্ডল। আরও বক্তব্য রাখেন ইস্ট ওয়েস্ট ট্রাস্টি বোর্ডের ভারপ্রাপ্ত চেয়ারপারসন ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর মোহাম্মদ ফরাসউদ্দিন ও বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এম এম শহিদুল হাসান। **বিজ্ঞপ্তি**